

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শিশি/সেসিপ/শিক্ষক নিয়োগ/৯১৩/২০১৯/৪৫১

তারিখ : ২৬ জানুয়ারী ২০২০

বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশিত)

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর চাহিদার ভিত্তিতে সাধারণ শিক্ষা ধারার ৬০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/দাখিল মাদরাসা) ভোকেশনাল কোর্স চালুর লক্ষ্যে অনলাইনে নিয়োগযোগ্য ১০টি ট্রেডের সর্বমোট ১,১৯৯টি ট্রেড ইন্সট্রাক্টর পদে অনলাইনে প্রাপ্ত ১৩,২৭৬টি আবেদনপত্র প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটার পরিপত্র অনুসরণপূর্বক মেধাক্রম অনুযায়ী সর্বোচ্চ মেধাধারী ৬৭৬ জন প্রার্থীকে অনলাইনের মাধ্যমে নির্বাচন করে নিয়োগের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সুপারিশ করা হলো। অবশিষ্ট ৫২৩টি পদের মধ্য ৩৪৩টি মেধাভিত্তিক পদে এবং ১৮০টি মহিলা কোটার পদে কোন আবেদনকারী না পাওয়ায় নিয়োগের জন্য সুপারিশ করা যায়নি। সুপারিশকৃত প্রার্থীদের তালিকা <http://ngi.teletalk.com.bd> লিংকে দেখা যাবে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীদেরকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ সুপারিশকৃত প্রার্থীদের তালিকা তাঁদের User ID ও Password ব্যবহার করে দেখে নিতে পারবেন।

প্রসঙ্গত উল্লেখ্য যে, নির্বাচিত প্রার্থীদের যোগদানে কোন অসুবিধার সৃষ্টি হলে অথবা যোগদানে কোন বাধার সম্মুখীন হলে সরাসরি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার / সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর যুগ্ম প্রোগ্রাম পরিচালক-এর সাথে যোগাযোগ করে নিষ্পত্তি করতে হবে।

চেয়ারম্যান
এনটিআরসিএ, ঢাকা।